বাংলাদেশ কম্পিউটার সমিতি
BANGLADESH COMPUTER SAMITY
12th floor, Sonartori Tower, Plot # 12, Biponon C/A, Sonargaon Road, Dhaka 1000, Bangladesh

২০১০ - ২০১১ মেয়াদকালের কার্যনির্বাহী কমিটি'র ১৪শ সভার কার্যবিবরণী

স্থান : বিসিএস কার্যালয়

তারিখ : শনিবার, ১২ জুন ২০১০

সময় : বিকাল ৬:০০মি.

সভাপতি : মোস্তাফা জব্বার, সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি

উপস্থিতি:

জনাব কাজী আশরাফুল আলম	-	সহ সভাপতি
জনাব মজিবুর রহমান স্বপন	-	মহাসচিব
জনাব নাজমুল আলম ভূঁইয়া (জুয়েল)	-	যুগ্ম-মহাসচিব
জনাব মোঃ আক্তারুজ্জামান	-	কোষাধ্যক্ষ
জনাব ইউসুফ আলী শামীম	-	পরিচালক
জনাব মোঃ শাহিদ-উল-মুনীর	-	পরিচালক

সভার আলোচ্যসূচি নিম্নরূপ:

১. বিগত ২৯ মে ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন
২. বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ
৩. বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০
৪. যশোর শাখা কমিটি গঠন প্রসঙ্গে
৫. সমিতিতে সদস্যতা প্রসঙ্গে
৬. সমিতির কর্মকর্তা-কর্মচারীদের বেতন কাঠামো নির্ধারণ
৭. বিবিধ

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং এতে পর্যায়ক্রমে নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্তাবলি গৃহীত হয়:

আলোচ্যসূচি-১ : বিগত ২৯ মে ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন

আলোচনা : সভাপতি ২৯ মে ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী আজকের সভায় উপস্থাপন করেন। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চাইলে এটি সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে বলে সবাই মত পেশ করেন। এতে সভাপতি উক্ত কার্যবিবরণী অনুমোদিত বলে সভায় ঘোষণা প্রদান করেন।

সিদ্ধান্ত : বিগত ২৯ মে ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদিত বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-২ : বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ

আলোচনা : সভাপতি পরিচালকদের নিকট তাদের কর্মকাণ্ডের বিবরণী পেশ করার জন্য অনুরোধ জানান।

সভাপতি নিজে তার কাজের বিবরণ পেশ করেন:

২৯ মে ২০১০ সভাপতি ঢাকার ওয়েস্টিন হোটেলে স্যামসাং-এর ভাইস চেয়ারম্যানের নেতৃত্বাধীন একটি প্রতিনিধি দলের সাথে দ্বিপাক্ষিক বিষয়াদি নিয়ে একটি ব্রেকফাস্ট সভায় মিলিত হন এবং বাংলাদেশ কম্পিউটার সমিতিকে স্যামসাং-এর সহায়তা করার ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করেন। সভাপতি সরকারের ডিজিটাল বাংলাদেশ কর্মসূচিতে স্যামসাং-এর সহায়তার জন্যও অনুরোধ করেন। তিনি বিভিন্ন কাজে বিসিএসকে সহায়তা করার জন্য স্যামসাংকে ধন্যবাদ জানান। ৪-৫ জুন ২০১০ সভাপতি ভারতের তারা টিভির আমন্ত্রণে কলিকাতায় যান এবং তারা টিভির জন্য ভারত বাংলাদেশের আইসিটি খাতের উন্নয়নের প্রসঙ্গ নিয়ে দুটি অনুষ্ঠান রেকর্ড করেন। ৭ জুন ২০১০ সভাপতি ঢাকার প্রিন্স রেস্তোরায় ফুলমার্কের একটি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকেন। ৮ জুন সভাপতি জাতীয় গৃহায়ন নীতিমালা বিষয়ক একটি কর্মশালায় যোগ দেন। আইসিটি খাতে অনন্য অবদানের জন্য ১১ জুন ২০১০ ঢাকার রোটারী ক্লাব অব ঢাকা পাইওনিয়ার সভাপতিকে সম্বর্ধনা ও সম্মাননা প্রদান করেন। ১২ জুন ২০১০ সকালে সভাপতি বাঞ্ছারামপুরে ডিজিটাল বাংলাদেশ বিষয়ক সেমিনারে মুল প্রবন্ধ উপস্থাপন করেন।

আলোচ্যসূচি-৩ : বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০

আলোচনা : সভাপতি 'বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০' আয়োজন সম্পর্কে পরিচালকদের আলোচনা করার আহ্বান জানান। বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০ এবং বিসিএস ডিজিটাল এক্সপো ২০১১ মেলার ভেন্যু, তারিখ ও ভাড়া সংক্রান্ত বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের কর্তৃপক্ষের চিঠি সভায় উপস্থাপন করা হয়। বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০ মেলার ভেন্যু ও তারিখ সম্পর্কে অধিকতর আলোচনার ব্যাপারে বিসিএস সভাপতি জনাব মোস্তাফা জব্বার প্রয়োজনীয় যোগাযোগ করতে সম্মত হন।

সিদ্ধান্ত :

- বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০ মেলার ভেন্যু ও তারিখ সম্পর্কে অধিকতর আলোচনার এ ব্যাপারে সভাপতি জনাব মোস্তাফা জব্বার প্রয়োজনীয় যোগাযোগ করতে সম্মত হন।

আলোচ্যসূচি-৪ : যশোর শাখা কমিটি গঠন প্রসঙ্গে

আলোচনা : মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন বিসিএস এর সদস্য কোম্পানি ইউনিটেক কম্পিউটারস এর স্বত্বাধিকারী এবং বাংলাদেশ কম্পিউটার সমিতি, খুলনা শাখার সদস্য জনাব দীনেশ মজুমদার স্বাক্ষরিত 'যশোরে একটি আঞ্চলিক কমিটি গঠন ও কম্পিউটার মেলা আয়োজন প্রসঙ্গে' বিষয়ক একটি চিঠি সভায় উপস্থাপন করেন। তিনি বলেন, যশোরে বাংলাদেশ কম্পিউটার সমিতির বর্তমান সদস্য সংখ্যা ১০ এবং সমিতির সংঘবিধি অনুযায়ী কমপক্ষে ১০

জন সদস্য রয়েছে এমন যেকোন স্থানে বাংলাদেশ কম্পিউটার সমিতির শাখা গঠন করা যাবে। এ ব্যাপারে আলোচনা করার জন্য সভাপতি পরিচালকদের দৃষ্টি আকর্ষণ করেন। পরিচালকগণ যশোরস্থ বিসিএস সদস্যদের সাথে উক্ত বিষয়ে বিস্তারিত আলাপ-আলোচনা করে একটি শাখা কমিটি গঠন করার জন্য সমিতির সভাপতি জনাব মোস্তাফা জব্বার-কে অনুরোধ করেন এবং সভাপতি সেই দায়িত্ব গ্রহণে সম্মতি প্রদান করেন।

সিদ্ধান্ত — যশোরে একটি আঞ্চলিক কমিটি গঠন ও কম্পিউটার মেলা আয়োজনের বিষয়ে যশোরস্থ বিসিএস সদস্যদের একটি শাখা কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয় ও সভাপতিকে শাখা কমিটি গঠন করার দায়িত্ব প্রদান করা হয়।

আলোচ্যসূচি-৫ : সমিতিতে সদস্যতা প্রসঙ্গে

আলোচনা :

- সদস্যপদ উপ-কমিটির চেয়ারম্যান জনাব কাজী আশরাফুল আলম যাচাই-বাছাই, পরীক্ষা-নিরীক্ষা ও সরেজমিনে পরিদর্শন শেষে গ্লোবাল ওয়েব আউটসোর্সিং নামে ১টি কোম্পানির সমিতিতে সদস্যপদ আবেদনপত্র সভায় উপস্থাপন করেন। সভাপতি এ ব্যাপারে পরিচালকদের মতামত জানতে চাইলে তারা উল্লিখিত কোম্পানির সমিতিতে সদস্যপদ অনুমোদনে সায় প্রদান করেন।
- বসুমতি আইটি সলিউশন্স লি: নামে ১টি কোম্পানির আবেদনপত্রের পৃষ্ঠা ২-এ সদস্যপদ সমর্থনকারী কলামে বিসিএস এর সদস্য কোম্পানি টেক প্লাস কম্পিউটারস এর স্বত্বাধিকারী জনাব শাহ নুরাইন আহমেদ এর স্বাক্ষর ও সীল নকল বলে প্রতীয়মান হয়। সভাপতি এ ব্যাপারে পরিচালকদের মতামত জানতে চাইলে তারা বিষয়টি তদন্ত করার জন্য মতামত প্রদান করেন।

সিদ্ধান্ত :

- সমিতিতে নিম্নলিখিত ১ টি কোম্পানির সদস্যপদ অনুমোদিত বলে সিদ্ধান্ত গৃহীত হয়:

কোম্পানির নাম	সদস্য নং
গ্লোবাল ওয়েব আউটসোর্সিং	৭৮০

- বসুমতি আইটি সলিউশন্স লি: আবেদনপত্রের পৃষ্ঠা ২-এ সদস্যপদ সমর্থনকারী কলামে বিসিএস এর সদস্য কোম্পানি টেক প্লাস কম্পিউটারস এর স্বত্বাধিকারী জনাব শাহ নুরাইন আহমেদ এর স্বাক্ষর ও সীল নকল করার বিষয়টি তদন্ত করার সিদ্ধান্ত গৃহিত হয়।

আলোচ্যসূচি-৬ : সমিতির কর্মকর্তা-কর্মচারীদের বেতন কাঠামো নির্ধারণ

আলোচনা : মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন সমিতির কর্মকর্তা-কর্মচারীদের বেতন কাঠামো ও অন্যান্য সুবিধার ব্যাপারে আলোচনা করার অনুরোধ করেন। পরিচালকগণ প্রত্যেকেই তাদের মতামত উপস্থাপন করেন। এ ব্যাপারে পরিচালকগণ সার্বিক আলোচনার ভিত্তিতে গৃহীত প্রস্তাব অনুমোদনের জন্য সভাপতিকে অনুরোধ করেন ।

সিদ্ধান্ত : সভাপতির অনুমোদন সাপেক্ষে সমিতির কর্মকর্তা-কর্মচারীদের নতুন বেতন কাঠামো ও অন্যান্য সুবিধা কার্যকর হবে।

আলোচ্যসূচি-৭ : বিবিধ

আলোচনা :

- কোষাধ্যক্ষ জনাব মোঃ আক্তারুজ্জামান বিভিন্ন ব্যাংকে সমিতির যেসব এফডিআর আছে সেগুলো অধিকতর মুনাফা প্রদানকারী ব্যাংকে স্থানান্তরের প্রস্তাব করেন। পারিচালকগণ এতে একমত পোষণ করেন।
- মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন সভায় অবহিত করেন, আগামী ১৩-১৪ জুন ২০১০ তারিখ বিসিএস ও আইবিপিসি-এর যৌথ উদ্যোগে ঢাকার শের-ই-বাংলা নগরস্থ আইডিবি ভবনের মিটিং রুম নং-১ এ 'আফ্টার সেল্‌স সার্ভিস' শীর্ষক দুই দিনের এক প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়েছে। বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস), বাংলাদেশ এসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) এবং ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারস এসোসিয়েশন অব বাংলাদেশ (আইএসপিএবি) এর যৌথ আয়োজনে ঢাকাস্থ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের মিডিয়া বাজারে আগামীকাল ১৩ জুন ২০১০তারিখ অনুষ্ঠিত হবে জাতীয় বাজেট ২০১০-২০১১ এর প্রেক্ষিতে বাজেট পরবর্তী প্রতিক্রিয়া সংক্রান্ত এক সাংবাদিক সম্মেলন। উক্ত অনুষ্ঠান দুইটিতে উপস্থিত থাকার জন্য মহাসচিব পরিচালকদের অনুরোধ করেন।
- মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন সভায় অবহিত করেন, বাংলাদেশ কম্পিউটার সমিতির ৩৬ জন সদস্যের একটি প্রতিনিধিদল তাইওয়ানের নগরী তাইপে'তে ১-৫ জুন ২০১০ অনুষ্ঠিত বিশ্বের অন্যতম বৃহৎ প্রযুক্তি সংশ্লিষ্ট প্রদর্শনী 'কম্পিউটেক্স তাইপে ২০১০'-এ অংশগ্রহনের উদ্দেশ্যে বিগত ৩১ মে ২০১০ তারিখ বাংলাদেশ হতে তাইওয়ানের উদ্দেশ্যে যাত্রা করেন। বিসিএস প্রতিনিধি দলের সদস্যবৃন্দ 'কম্পিউটেক্স তাইপে ২০১০'-এর উদ্বোধনী অনুষ্ঠান, বায়ারস নাইটস, বেস্ট চয়েজ এ্যাওয়ার্ডস অনুষ্ঠান, কম্পিউটেক্স তাইপে ফোরাম, প্রক্রিউরিমেন্ট মিটিং এবং মূল প্রদর্শনীসহ বিভিন্ন সেমিনার, গ্রুপ ভিত্তিক, বিজনেস-টু-বিজনেস, ওয়ান-টু-ওয়ান আলোচনায় অংশগ্রহণ করেন। এসবের মধ্য দিয়ে তাঁরা তাইওয়ানের বিনিয়োগকারী শিল্পোদ্যোক্তা ও আইসিটি ব্যবসায়ীদেরকে বাংলাদেশে বিনিয়োগ, আইসিটি শিল্প কারখানা স্থাপন এবং নতুন প্রযুক্তি পণ্যের ব্যবসার সুযোগ সৃষ্টি ও সম্প্রসারণের জন্য আহ্বান জানান। প্রতিনিধি দলটি সেখানে 'ডিজিটাল বাংলাদেশ' ধারণার প্রচার-প্রচারণা চালিয়ে এ কর্মসূচিতে বিভিন্ন তথ্যপ্রযুক্তি প্রতিষ্ঠানের এগিয়ে আসার আহবান জানান। তাইওয়ান এক্সটারন্যাল ট্রেড ডেভেলপমেন্ট কাউন্সিল (টাইট্র্যা) 'কম্পিউটেক্স তাইপে ২০১০'-তে বিসিএস প্রতিনিধি দলের অংশগ্রহণে সহায়তা প্রদান করছে। 'কম্পিউটেক্স তাইপে ২০১০'-এ বাংলাদেশ কম্পিউটার সমিতির প্রতিনিধিদল এবং তাইওয়ান এক্সটারন্যাল ট্রেড ডেভেলপমেন্ট কাউন্সিল (টাইট্র্যা)-

সহ উক্ত আয়োজনে যেসব সম্মানিত ব্যক্তিবর্গ, প্রতিষ্ঠান ও সংগঠন দিকনির্দেশনা ও সহায়তা প্রদান করেছেন তাদের সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ ও ধন্যবাদ জানানোর জন্য মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন সভায় প্রস্তাব উত্থাপন করেন। পারিচালকগণ এতে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত :

- বিভিন্ন ব্যাংকে সমিতির যেসব এফডিআর আছে সেগুলো অধিকতর মুনাফা প্রদানকারী ব্যাংকে স্থানান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ‘কম্পিউটেক্স তাইপে ২০১০’-এ বাংলাদেশ কম্পিউটার সমিতির প্রতিনিধিদল এবং তাইওয়ান এক্সটারন্যাল ট্রেড ডেভেলপমেন্ট কাউন্সিল (টাইট্র্যা)-সহ উক্ত আয়োজনে যেসব সম্মানিত ব্যক্তিবর্গ, প্রতিষ্ঠান ও সংগঠন দিকনির্দেশনা ও সহায়তা প্রদান করেছেন তাদের সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ ও ধন্যবাদ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

মোস্তাফা জব্বার
সভাপতি